ইত্তেফাক

তারিখ ৩১।১।৮২
পৃষ্ঠা … কলাম …

৭৭

127

# আগামীকাল ফিল্ম ইন্সটিটিউট উচ্চতর এ্যাপ্রিসিয়েশন কোর্স শুরু

তথ্য, বেতার, ক্রীড়া ও সংস্কৃতি মন্ত্রণালয়ের অধীন ফিল্ম ইনষ্টিটিউট এ্যাণ্ড আর্কাইভ আগামীকাল ১লা ফেব্রুয়ারী থেকে ছ'মাসব্যাপী একটি উচ্চতর ফিল্ম এ্যাপ্রিসিয়েশন কোর্স চালু করছে। বাংলাদেশে এই কোর্সটি প্রথমবারের মত অনুষ্ঠিত হচ্ছে। যেসব ছাত্র-ছাত্রী ফিল্ম ইনষ্টিটিউট এ্যাণ্ড আর্কাইভ কর্তৃক পরিচালিত প্রথম ফিল্ম এ্যাপ্রিসিয়েশন কোর্সে উত্তীর্ণ হয়েছেন কেবল তাঁদেরকেই এই কোর্সে ভর্তি করা হবে।

কোর্সে এসথেটিকস্ অব ফিল্ম আর্ট, আর্ট ডিরেকশন, মোশান পিকচার ফটোগ্রাফী, স্ক্রীন প্লে এবং সুটিং স্ক্রীফট্ লেখন ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ দেয়া হবে। প্রতিটি লেকচারের পর ছাত্র-ছাত্রীদেরকে চলচ্চিত্রের সমালোচনা, চলচ্চিত্র জ্ঞান ও গবেষণা সম্পর্কে থিসিস লিখতে দে'য়া হবে। এছাড়া হাতে কলমে ছবি করার পদ্ধতি শেখান হবে এবং ১০ মিনিটের একটি ছোট ছবি করতে দে'য়া হবে। গবেষণা ও প্রাকটিক্যাল করার জন্য উপযুক্ত শিক্ষক সাহায্য করবেন। প্রয়োজনে অতিরিক্ত অতিথি শিক্ষকেরও ব্যবস্থা করা হবে। কোর্স শেষে চলচ্চিত্র সমালোচনা, থিসিস ও মৌখিকসহ মোট ৫০০ নম্বরের পরীক্ষা নেওয়া হবে এবং উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের সার্টিফিকেট দেওয়া হবে।

তথ্য, বেতার, ক্রীড়া ও সংস্কৃতি মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী জনাব নূর মোহাম্মদ খান আগামীকাল সোমবার বিকেল চারটায় এই প্রশিক্ষণ কোর্স উদ্বোধন করবেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন তথ্য বেতার সচিব জনাব খোরশেদ আলম এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ অবজারভারের সম্পাদক জনাব ওবায়দুল হক।

কোর্সে ভর্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদেরকে নির্দিষ্ট সময়ে ফিল্ম ইনষ্টিটিউট অ্যাণ্ড আর্কাইভের মিলনায়তনে উপস্থিত থাকতে বলা হয়েছে। খবর সরকারী তথ্য বিবরণীর।